

পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীঃ

২. ফরম পূরণের ফি জমা দেয়া:

কলেজের নিজস্ব ওয়েব সাইট www.edencollege.eshiksabd.com এ প্রবেশ করে “edenstudent” ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে লগ-ইন করতে হবে। পরবর্তী নির্দেশনা অনুযায়ী তথ্য সরবরাহ করে ফরম পূরণ করতে হবে। ফরম পূরণের পর ডাচবাংলা ব্যাংকের মোবাইল ব্যাংকিং ‘রকেট’ অথবা নেক্সাস পে এ্যাপসের মাধ্যমে ডাচবাংলা ব্যাংকের যে কোন একাউন্ট হতে ফি পরিশোধ করা যাবে। যারা অনার্স ৪র্থ বর্ষে এখনও ভর্তি হয়নি তাদের ২৪/১২/২০২০ তারিখের প্রকাশিত ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি অনুযায়ী প্রথমে ভর্তি হতে হবে। ভর্তি ফি জমা রশিদের ফটোকপি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফরমের সাথে জমা দিতে হবে। পরীক্ষার ফরম পূরণে কোন সমস্যা দেখা দিলে দ্রুত সময়ে সংশ্লিষ্ট বিভাগে যোগাযোগ করতে হবে।

৩। পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা:

(ক) নিয়মিত পরীক্ষার্থীদের জন্য:

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে নিবন্ধিত এবং ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় Promoted ছাত্র-ছাত্রীগণ নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৯ সনের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

(খ) অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য:

২০১২-২০১৩, ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে শিক্ষার্থী যারা ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা ২০১৮ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থী ২০১৯ সনের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এছাড়াও যে সকল শিক্ষার্থী ৩য় বর্ষ অনার্স ২০১৭ এবং ২০১৮ পরীক্ষা দু’টিতে সকল পত্রের অংশগ্রহণ করে কমপক্ষে ৪টি ‘ডি’ গ্রেড পেয়েছে তারাও উক্ত পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে।

(গ) গ্রেড উন্নয়ন/মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য:

২০১২-২০১৩, ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে নিবন্ধিত যে সকল ছাত্রী ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় এক বা একাধিক কোর্সে ‘এফ’ গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা অনুপস্থিত রয়েছে তারা গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে ২০১৯ সনের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় ঐ সকল কোর্সে অংশগ্রহণ করতে পারবে।

০৪. পরীক্ষার্থীদের জন্য করণীয় :

ছাত্রীনিবাস, লাইব্রেরি ও ছাত্রী কমনরুম তত্ত্বাবধাকের কাছ থেকে না-দাবি প্রত্যয়ন গ্রহণ করতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনলাইনে পরীক্ষার আবেদন ফরমের সাথে ভর্তি ও ফরম পূরণের ফি জমা সংক্রান্ত ডুকুমেন্ট, নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের অনার্স ৩য় বর্ষের ফলাফলের কপি, মানোন্নয়ন পরীক্ষার্থীর অনার্স ৩য় বর্ষ ও ৪র্থ বর্ষের ফলাফলের কপি সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। ফরম গ্রহণের সময়সূচি সংশ্লিষ্ট বিভাগ হতে জেনে নিতে হবে।

০৫. কলেজের বিভাগসমূহের জন্য করণীয় :

(ক) অনলাইনে ফরম পূরণ ও ফি জমা সংক্রান্ত বিষয়ে যে কোন সমস্যায় ছাত্রীদের দ্রুততম সময়ে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

(খ) ছাত্রীনিবাস, লাইব্রেরি ও ছাত্রী কমনরুম তত্ত্বাবধাকের কাছ থেকে না-দাবি প্রত্যয়ন, পরীক্ষার ফলাফল এবং অনার্স ৪র্থ বর্ষে ভর্তি ফি জমা রশিদ যাচাই করতে হবে। কোন ছাত্রী অনার্স ৪র্থ বর্ষে ভর্তি না হয়ে থাকলে ভর্তির বিজ্ঞপ্তি অনুযায়ী চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

(গ) ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে Formfilup লিংক এ গিয়ে কলেজ লগ-ইন করে “আন ভেরিফাইড” লিস্ট এ পাওয়া যাবে। শিক্ষার্থীকর্তৃক পূরণকৃত ফরম দেখে ডাটা এন্ট্রি সঠিক হলে, শিক্ষার্থীর ফরম পূরণের ফিস পরিশোধ হয়ে থাকলে এবং শিক্ষার্থী ৪র্থ বর্ষে পরীক্ষায় অংশগ্রহণের শর্ত পূরণ করলে সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নিশ্চয়ন করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি নিশ্চয়ন হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ স্বাক্ষর করবেন। মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে যে পত্র/পত্রসমূহ মানোন্নয়ন দিতে ইচ্ছুক সে বিষয় কোড এন্ট্রি করতে হবে। পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক বিভাগীয় প্রধান স্বাক্ষর করবেন।